পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

দুমকি, পটুয়াখালী-৮৬০২

ফোনঃ ০৪৪২৭-৫৬০১৪, ফ্যাক্সঃ ০৪৪২৭-৫৬১১২

স্মারকনং-পবিপ্রবি/প্রশা- 783/fK-13(Ask-6)/17/1972 তারিখ: 17.10.2017

ভর্তি বিজ্ঞপ্তি

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে নিম্নলিখিত অনুষদ সমূহে Level-1, Semester-I এ ছাত্রছাত্রী ভর্তি করা হবে:

ইউনিট	অনুষদ	ডিগ্রী
A	কৃষি	ব্যাচেলর অব সায়েন্স ইন এগ্রিকালচার (অনার্স) [Bachelor of Science in Agriculture (Hons.)]
	মাৎস্যবিজ্ঞান	ব্যাচেলর অব সায়েন্স ইন ফিশারিজ (অনার্স) [Bachelor of Science in Fisheries (Hons.)]
	এ্যানিমেল সায়েন্স এ্যান্ড ভেটেরিনারি মেডিসিন	ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন [Doctor of Veterinary Medicine (DVM)]
		ব্যাচেলর অব সায়েন্স ইন এ্যানিমেল হাজবেন্ড্রি (অনার্স) [Bachelor of Science in Animal Husbandry (Hons.)]
	ডিজাস্টার ম্যানেজমেন্ট	ব্যাচেলর অব সায়েন্স ইন ডিজাস্টার ম্যানেজমেন্ট (অনার্স) [Bachelor of Science in Disaster Management (Hons.)]
	নিউট্রিশন এ্যান্ড ফুড সায়েন্স	ব্যাচেলর অব সায়েন্স ইন নিউট্রিশন এ্যান্ড ফুড সায়েন্স (অনার্স) [Bachelor of Science in Nutrition and Food Science (Hons.)]
	ল্যান্ড ম্যানেজমেন্ট এ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন	ব্যাচেলর অব সায়েন্স ইন ল্যান্ড ম্যানেজমেন্ট এ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন (অনার্স) [Bachelor of Science in Land Management and Administration (Hons.)]
B	বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন এ্যান্ড ম্যানেজমেন্ট	ব্যাচেলর অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন [Bachelorof Business Administration (BBA)]
C	কম্পিউটার সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং	ব্যাচেলর অব সায়েন্স ইন কম্পিউটার সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং [Bachelor of Science in Computer Science and Engineering (CSE)]

Foreign students willing to get admitted in Bachelor Degree Programmes of Patuakhali Science and Technology University in Agriculture/BBA/CSE/DVM/Fisheries/Disaster Management/ Nutrition and Food Science/Animal Husbandry/Land Management and Administrationare requested to visit **www.pstu.ac.bd** for detailed information.

ক. আবেদন করার যোগ্যতা :

১. যে সকল ছাত্রছাত্রী ২০১৪/২০১৫ সালে এসএসসি বা সমমান এবং ২০১৬/২০১৭ সালে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, কেবলমাত্র তারাই আবেদন করতে পারবে।

২. আবেদনকারীর অবশ্যই এসএসসি বা সমমানের এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয় ক্ষেত্রে চতুর্থ বিষয়সহ প্রতিটিতে ন্যূনতম জিপিএ ২.৫ সহ সর্বমোট জিপিএ ৬.০ থাকতে হবে।

৩. **ইউনিট A:** ১) বি.এসসি. এজি. (অনার্স); ২) বি.এসসি. ফিশারিজ (অনার্স); ৩) ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম); ৪) বি.এসসি. ডিজাস্টার ম্যানেজমেন্ট (অনার্স); ৫) বি.এসসি. নিউট্রিশন এ্যান্ড ফুড সায়েন্স (অনার্স); ৬) বি.এসসি. এ্যানিমেল হাজবেন্ড্রি (অনার্স) ও ৭) বি.এসসি. ল্যান্ড ম্যানেজমেন্ট এ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন (অনার্স) ডিগ্রীর জন্য ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের বিজ্ঞান গ্রুপ থেকে এসএসসি বা সমমানের পরীক্ষায় এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। প্রার্থীকে এইচএসসি বা সমমানের পরীক্ষায় অবশ্যই তার পঠিত পদার্থবিদ্যা, রসায়ন, গণিত এবং জীববিদ্যাসহ সকল বিষয়ের প্রতিটিতে ন্যূনতম জিপি ২.০ থাকতে হবে।

৪. **ইউনিট B:** ব্যাচেলর অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন ডিগ্রীর জন্য ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের বিজ্ঞান, মানবিক, ব্যবসায় শিক্ষা গ্রুপ থেকে এসএসসি বা সমমানের এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। প্রার্থীর এইচএসসি বা সমমানের পরীক্ষায় অবশ্যই তার পঠিত বিষয়সমূহের প্রতিটিতে ন্যূনতম জিপি ২.০ থাকতে হবে ।

৫. **ইউনিট C:** বি.এসসি. ইন কম্পিউটার সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং ডিগ্রীর জন্য ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের বিজ্ঞান গ্রুপ থেকে এসএসসি বা সমমানের পরীক্ষায় এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। প্রার্থীকে এইচএসসি বা সমমানের পরীক্ষায় অবশ্যই তার পঠিত পদার্থবিদ্যা, রসায়ন এবং গণিতসহ সকল বিষয়ের প্রতিটিতে ন্যূনতম জিপি ২.০ থাকতে হবে।

৬. সরকারী কোটানীতি অনুযায়ী উপজাতি, মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী, প্রতিবন্ধী, প্রবাসে কর্মরতদের সন্তান, হরিজন-দলিত, বিকেএসপি এবং বিধি অনুসারে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পবিপ্রবি) কর্মরতদের পোষ্যদের জন্য সংরক্ষিত আসনে ভর্তি পরীক্ষার লিখিত অংশে কমপক্ষে ৪০ নম্বর (ন্যূনতম যোগ্যতা) প্রাপ্তি সাপেক্ষে মেধাক্রমে ভর্তির সুযোগ দেয়া হবে।

৭. GCE/O লেভেল এবং A লেভেল প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য GCE/O লেভেল পরীক্ষায় কমপক্ষে ৫টি বিষয়ে গড়ে B গ্রেড এবং A লেভেল পরীক্ষায় কমপক্ষে ৩টি বিষয়ে গড়ে B গ্রেড পেয়ে পাশ করতে হবে।

খ. আবেদন প্রক্রিয়া :

১. টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে PSTU লিখে, স্পেস দিয়ে প্রার্থীর এইচএসসি পর্যায়ের শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে এইচএসসি পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে এইচএসসি পাশের সাল, স্পেস দিয়ে এসএসসি শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে এসএসসি পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে এসএসসি পাশের সাল লিখে স্পেস দিয়ে কাংক্ষিত ইউনিট (A, B, C) লিখে ১৬২২২ নম্বরে এসএমএস করতে হবে।

উদাহরণঃ **PSTU DHA 123456 2017 DHA 123456 2015 A** উদাহরণটি ঢাকা বোর্ড থেকে A ইউনিটে ভর্তিচ্ছুদের জন্য প্রযোজ্য।

এখানে ১২৩৪৫৬ এর জায়গায় এইচএসসি এবং এসএসসি পরীক্ষার রোল নম্বর দিতে হবে। কেউ ২০১৬ সালে এইচএসসি পাশ করে থাকলে ২০১৭ এর জায়গায় ২০১৬ লিখতে হবে এবং ২০১৪ সালে এসএসসি পাশ করে থাকলে ২০১৫ এর জায়গায় ২০১৪ লিখতে হবে। অন্যান্য বোর্ডের ক্ষেত্রে সিলেট (SYL) বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), কুমিল্লা (COM), ঢাকা (DHA), দিনাজপুর (DIN), যশোর (JES), রাজশাহী (RAJ), মাদ্রাসা (MAD) লিখতে হবে।

২. উপরের এসএমএস টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি এসএমএস এ আবেদনকারীর নাম, ভর্তির ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন ১৬২২২ নম্বরে আরেকটি এসএমএস পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে PSTU লিখে, স্পেস দিয়ে YES লিখে, স্পেস দিয়ে PIN লিখে, স্পেস দিয়ে আবেদনকারীর যোগাযোগের জন্যে নিজের ব্যবহৃত (যে কোনো অপারেটর) একটি মোবাইল নম্বর লিখে ১৬২২২ নম্বরে এসএমএস করতে হবে।

উদাহরণঃ **PSTU YES 87654321 01XXXXXXXXX**। এখানে ৮৭৬৫৪৩২১ এর জায়গায় আবেদনকারীর নিজ PIN নম্বর টি বসাতে হবে। উল্লেখ্য যে, সম্মতি জানিয়ে এসএমএস পাঠালেই কেবল আবেদনকারীর টেলিটক মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার ফি ৬৫০.০০ (ছয় শত পঞ্চাশ) টাকা কেটে নিয়ে একটি এসএমএসএর মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিটের প্রবেশ পত্রের জন্য একটি **User ID** ও **Password** দেয়া হবে, সম্মতি না দিলে কোন ফি কাটা হবে না। User ID ও Password অবশ্যই প্রবেশ পত্র ডাউনলোড করার জন্য সংরক্ষণ করতে হবে।

৩. কারিগরি বোর্ডের ক্ষেত্রে বোর্ডের নামের জায়গায় ডিপ্লোমা-ইন-কমার্স এর জন্য DIC, বিজনেস ম্যানেজমেন্ট এর জন্য HBM এবং অন্যদের জন্য VOC লিখে উপরের নিয়ম অনুযায়ী ১৬২২২ নম্বরে এসএমএস করতে হবে।

৪. ও/এ লেভেলের ক্ষেত্রে আবেদনকারীকে উপরের নিয়ম অনুযায়ী ১৬২২২ নম্বরে এসএমএস করতে হবে। এক্ষেত্রে বোর্ডের নামের জায়গায় GCE লিখতে হবে। উদাহরণঃ **PSTU GCE 123456 2017 A**। এখানে ১২৩৪৫৬ এর জায়গায় আবেদনকারীকে **A level** এর নিজ নিজ **Candidate** (শেষ **Sitting** এর) নম্বরটি বসাতে হবে।

৫. **কোটায় ছাত্রছাত্রী ভর্তি সম্পর্কিত :**

নিম্নোক্ত কোটায় ভর্তিচ্ছু ছাত্রছাত্রী আবেদন করতে উপরের নিয়ম অনুযায়ী ১৬২২২ নম্বরে এসএমএস করতে হবে ঃ

মুক্তিযোদ্ধা সন্তান/নাতি-নাতনী কোটা (FFQ), পবিপ্রবিতে চাকুরীজীবি ওয়ার্ড কোটা (WQ), উপজাতি কোটা (TQ), শারীরিক প্রতিবন্ধী কোটা (PDQ), প্রবাসী সন্তান কোটা (FWQ), বিকেএসপি কোটা (BKSP) এবং হরিজন-দলিত কোটা (HDQ) উল্লেখ করতে হবে। একাধিক কোটা থাকলে কমা দিয়ে স্পেস ব্যবহার করে উল্লেখ করতে হবে।

উদাহরণ ১ঃ **PSTU DHA 123456 2017 DHA 123456 2015 A FFQ** একটি কোটার জন্য।

উদাহরণ ২ঃ **PSTU DHA 123456 2017 DHA 123456 2015 A FFQ, WQ** একাধিক কোটার জন্য।

৬. **প্রবেশপত্র ডাউনলোড করার পদ্ধতি :**

আবেদন করার শেষ সময় (৩০ নভেম্বর ২০১৭) অতিবাহিত হওয়ার পর ০৫ ডিসেম্বর থেকে ১৫ ডিসেম্বর ২০১৭ এর মধ্যে প্রবেশপত্রের জন্য প্রথমে সদ্য তোলা (৩ মাসের আগে নয়) এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও আবেদনকারীর স্বাক্ষর স্ক্যান করতে হবে। প্রবেশপত্র ডাউনলোড করতে পবিপ্রবি এর ওয়েবসাইটঃ **http://pstu.teletalk.com.bd** অথবা **http://www.pstu.ac.bd/admission** তে গিয়ে প্রথমে নিজ নিজ **User ID** ও **Password দিয়ে লগ ইন করলে আবেদনকারীর তথ্য প্রদর্শিত হবে এবং ছবি ও স্বাক্ষর আপলোড এর অপশন পাওয়া যাবে।** এরপর Photo (দৈর্ঘ্য × প্রস্থ) 300 × 300 pixel size less than 100KB ও Signature (দৈর্ঘ্য × প্রস্থ) 300 × 80 pixel size less than 60KB upload করে Submit করতে হবে। **সাদাকালো ছবি গ্রহণযোগ্য নয়।** প্রবেশপত্র ডাউনলোড করে ২(দুই) কপি প্রবেশপত্র A4 size অফসেট কাগজে প্রিন্ট করে নিতে হবে। প্রবেশপত্র দুটোর চিহ্নিত স্থানে এক কপি করে ছবি আঠা দিয়ে ভালভাবে লাগাতে হবে। এরপর দুটি প্রবেশ পত্রের এক কপি পরীক্ষার হলে নিজের কাছে রাখবে এবং অন্য কপি পরীক্ষার হলে সংশ্লিষ্ট পরিদর্শকের নিকট জমা দিবে। প্রবেশপত্রে ছাত্রছাত্রীর ইউনিট, নাম ও রোল নম্বর লেখা থাকবে।

গ. **লক্ষণীয় বিষয় :**

১. একটি টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে একাধিক আবেদন করা যাবে তবে আবেদনের দ্বিতীয় ধাপে সম্মতি জানানোর সময় যোগাযোগের জন্যে আবেদনকারীর নিজের ব্যবহৃত (যে কোনো অপারেটর) একটি মোবাইল ফোন নম্বর দিতে হবে।

২. দিনের বা রাতের যে কোন সময় এমনকি বন্ধের দিনও আবেদন করা যাবে।

৩. একবার এসএমএস করে আবেদন করা হলে তা প্রত্যাহার করা যাবে না।

৪. মোবাইলের মাধ্যমে কোন ভুল বা অসম্পূর্ণ তথ্য প্রদান করা হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৫. **আবেদনকারীকে ডাউনলোডকৃত প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে আঠা দিয়ে লাগানো ছবি সম্বলিত দুই কপি প্রবেশ পত্র ভর্তি পরীক্ষার হলে আনতে হবে।**

৬. ভর্তি পরীক্ষায় কেবলমাত্র fx-100(MS, S, V, W, Z, C, D), fx-570(MS, S, W, Z), fx-991(MS, W, S, H, Z) মডেলের ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। অন্যথায় পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না।

৭. মোবাইল ফোন, ঘড়ি বা অন্য কোন প্রকার ইলেকট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।

৮. আবেদনের সময় কোটা উল্লেখ না থাকলে পরবর্তীতে কোটার বিষয়টি কোন ভাবেই বিবেচনা করা হবে না।

৯. GCE সনদধারীদের পরীক্ষার হলে মূল ট্রান্সক্রিপ্ট ও তার ফটোকপি আনতে হবে।

১০. **ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন ডিগ্রীর জন্য ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের ৬ মাসের ইনটার্ণশীপসহ ৫ (পাঁচ) বছর মেয়াদী এবং ব্যচেলর অব সায়েন্স ইন এ্যানিমেল হাজবেন্ড্রি (অনার্স) ডিগ্রীর জন্য ৬ মাসের ইনটার্নশীপসহ ৪.৫ (সাড়ে চার) বছর মেয়াদী শিক্ষা কার্যক্রম পবিপ্রবি এর বহিঃস্থ ক্যাম্পাস এ্যানিমেল সায়েন্স এ্যান্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ, খানপুরা, বাবুগঞ্জ, বরিশালে পরিচালিত হবে।**

ঘ. **ভর্তি পরীক্ষার কাঠামো ও মূল্যায়ন পদ্ধতি :**

১. পরীক্ষা পদ্ধতিঃ মোট নম্বরঃ ২০০; তন্মধ্যে ১০০ নম্বরের এমসিকিউ (MCQ) পরীক্ষা নিম্নরূপ মানবন্টনে হবে।

ইউনিট A: ১) বি.এসসি.এজি. (অনার্স); ২) বি.এসসি. ফিশারিজ (অনার্স); ৩) ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম); ৪) বি.এসসি. ডিজাস্টার ম্যানেজমেন্ট (অনার্স); ৫) বি.এসসি. নিউট্রিশন এ্যান্ড ফুড সায়েন্স (অনার্স); ৬) বি.এসসি. এ্যানিমেল হাজবেন্ড্রি (অনার্স) ও ৭) বি.এসসি. ল্যান্ড ম্যানেজমেন্ট এ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন (অনার্স) একই প্রশ্নপত্রের ভর্তি পরীক্ষায় পদার্থবিদ্যা-২০, রসায়ন-২০, জীববিদ্যা-২০, গণিত-১৫, ইংরেজী-১৫ এবং সাধারণ জ্ঞান-১০।

ইউনিট B: ব্যাচেলর অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন এ ভর্তি পরীক্ষায় গণিত-৩০, ইংলিশ ল্যাংগুয়েজ এন্ড কমিউনিকেশন-৩০, এনালাইটিক্যাল এবিলিটি-৩০ এবং সাধারণ জ্ঞান-১০।

ইউনিট C: বি.এসসি. ইন কম্পিউটার সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং এ ভর্তি পরীক্ষায় **পদার্থবিদ্যা-২৫, রসায়ন-২৫, গণিত-২৫, ইংরেজী-১৫ এবং সাধারণ** জ্ঞান-১০।

২. **প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর মোট প্রাপ্ত নম্বর থেকে কর্তন করা হবে।**

৩. সকল ইউনিটের ক্ষেত্রে অবশিষ্ট ১০০ নম্বর এসএসসি জিপিএ কে ৪০ এবং এইচএসসি জিপিএকে ৬০ বিবেচনা করে অর্থাৎ এসএসসি জিপিএ এর ৮ গুণ এবং এইচএসসি জিপিএ এর ১২ গুণ নম্বর যোগ করে মেধা তালিকা প্রস্তুত করা হবে।

৪. পরীক্ষার সময় : **১ ঘন্টা**।

৫. উত্তরপত্র মূল্যায়ন পদ্ধতিঃ অপটিক্যাল মার্ক রিডার (OMR)।

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

দুমকি, পটুয়াখালী-৮৬০২

ফোনঃ ০৪৪২৭-৫৬০১৪, ফ্যাক্সঃ ০৪৪২৭-৫৬১১২

৬. ভর্তি পরীক্ষার ফলাফল মেধাক্রম অনুসারে চুড়ান্ত মেধা তালিকা ও অপেক্ষমান তালিকা প্রকাশ করা হবে। ১) বি.এসসি.এজি. (অনার্স), ২) বি.এসসি. ফিশারিজ (অনার্স), ৩) ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম), ৪) বি.এসসি. ডিজাস্টার ম্যানেজমেন্ট (অনার্স), ৫) বি.এসসি. নিউট্রিশন এ্যান্ড ফুড সায়েন্স (অনার্স), ৬) বি.এসসি. এ্যানিমেল হাজবেন্ড্রি (অনার্স) ও ৭) বি.এসসি. ল্যান্ড ম্যানেজমেন্ট এ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন (অনার্স) এর জন্য আবেদনকারীর মেধা তালিকা (Unit-A) একত্রে চূড়ান্ত করা হবে।

৭. কোন ছাত্রছাত্রী নির্ধারিত সময়ে ভর্তি না হলে উক্ত শূন্য আসন অপেক্ষমান তালিকা থেকে পূরণ করা হবে।

ঙ. **ভর্তি পরীক্ষার সিডিউল :**

১. আবেদনের মেয়াদ : **২০/১০/২০১৭ থেকে ৩০/১১/২০১৭ খ্রি. বিকাল ৪.৩০মি: পর্যন্ত।**

২. প্রবেশপত্র ডাউনলোডের মেয়াদ: **০৫/১২/২০১৭ থেকে ১৫/১২/২০১৭ খ্রি. পর্যন্ত।**

৩. ভর্তি পরীক্ষার তারিখ ও সময় :

ইউনিট	তারিখ ও বার	সময়
A	২০ ডিসেম্বর ২০১৭, বুধবার	সকাল ১১:০০ থেকে দুপুর ১২:০০ পর্যন্ত
B	২১ ডিসেম্বর ২০১৭, বৃহস্পতিবার	সকাল ১১:০০ থেকে দুপুর ১২:০০ পর্যন্ত
C	২১ ডিসেম্বর ২০১৭, বৃহস্পতিবার	বিকাল ৩:০০ থেকে বিকাল ৪:০০ পর্যন্ত

৪. ভর্তি পরীক্ষার কেন্দ্র : **পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং নির্ধারিত অন্যান্য স্থান।**

৫. ভর্তি পরীক্ষার ফল প্রকাশ : ২৩/১২/২০১৭ তারিখের মধ্যে জাতীয় পত্রিকা, বিশ্ববিদ্যালয় নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে (www.pstu.ac.bd/admission) প্রকাশ করা হবে (মোবাইল ফোনের মাধ্যমেও জানা যাবে)।

চ. **ভর্তি সংক্রান্ত তথ্য :**

১. A, B ও C ইউনিটের মেধা তালিকা ও অপেক্ষমান তালিকা ভুক্ত সকলকে **২৬-২৮ ডিসেম্বর ২০১৭** তারিখের মধ্যে পবিপ্রবির ওয়েবসাইটে নির্ধারিত আবেদন ফরমে যাচিত তথ্য যথাযথভাবে পূরণ করতে হবে এবং **A ইউনিটে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদেরকে অবশ্যই Option Form** এ তাদের ভর্তির বিষয় পছন্দের ক্রমানুসারে (১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম) নির্দিষ্ট অংশে ভরাট করতে হবে।

২. মেধা তালিকা ও অপেক্ষমান তালিকা ভুক্ত কেউ আবেদনপত্র পূরণ বা **Option Form** পূরণ করতে অসমর্থ হলে পবিপ্রবি বুথ থেকেও (কেবলমাত্র ২৮ ডিসেম্বর ২০১৭) পূরণ করা যাবে। আবেদনপত্র বা **Option Form** পূরণ না করলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।

৩. মেডিকেল চেকআপ এবং মেধা তালিকা থেকে ভর্তির তারিখ: ০১/০১/২০১৮ খ্রি. ও ০২/০১/২০১৮ খ্রি. (সকাল ০৯.০০ থেকে বিকাল ০৫.০০টা পর্যন্ত)।

৪. ০৩-০৪ জানুয়ারী ২০১৮ তারিখ Auto Migration এবং শূন্য আসন তালিকা পবিপ্রবি ওয়েবসাইটে ও নোটিশ বোর্ডে প্রকাশ।

৫. অপেক্ষমান তালিকা থেকে ভর্তি : ০৮/০১/২০১৮ খ্রি. (সকাল ০৯.০০ থেকে বিকাল ০৫.০০টা পর্যন্ত)।

৬. মেধাক্রম অনুযায়ী ২০০ জন বি.এসসি. এজি (অনার্স), ৭০ জন সিএসই, ৯০ জন বিবিএ, ৬০ জন বি.এসসি. ফিশারিজ (অনার্স), ৬০ জন ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম), ৬০ জন বি.এসসি. ডিজাস্টার ম্যানেজমেন্ট (অনার্স); ৬০ জন বি.এসসি. নিউট্রিশন এ্যান্ড ফুড সায়েন্স (অনার্স), ৬০ জন বি.এসসি. এ্যানিমেল হাজবেন্ড্রি (অনার্স) ও ৬০ জন বি.এসসি. ল্যান্ড ম্যানেজমেন্ট এ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন (অনার্স) প্রোগ্রামে ভর্তির জন্য নির্বাচিত হবে।

৭. ওয়েবসাইটে উল্লিখিত ভর্তি ফি, কোর্স ফি, হল ফি ও অন্যান্য ফি পরিশোধ করে নির্বাচিত ছাত্রছাত্রীকে ভর্তি হতে হবে ।

৮. প্রতি সেমিস্টারের কোর্স ফি ও এনরোলমেন্ট ফি প্রদান পূর্বক এনরোল করতে হবে ।

৯. সকল ছাত্রছাত্রীকেই হল এটাচমেন্ট গ্রহণ করতে হবে। প্রাপ্যতা সাপেক্ষে মেধানুসারে ছাত্রছাত্রীদেরকে হলে সিট বরাদ্দ করা হবে। সিট পাওয়া না গেলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১০. প্রার্থী কোনরূপ ভুল বা অসঙ্গতিপূর্ণ তথ্য প্রদান করলে ভর্তি প্রক্রিয়ার যে কোন পর্যায়ে অথবা পরবর্তীতে তার ভর্তি বাতিল হবে ।

১১. ভর্তির সময়ে এসএসসি/সমমান পাশের মূল সনদ, এইচএসসি/সমমান পাশের মূল সনদ বা প্রশংসাপত্র, এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং সদ্য তোলা ৪ কপি স্ট্যাম্প ও ৪ কপি পাসপোর্ট সাইজ ছবি প্রদান করতে হবে।

১২. যারা যে কোটায় ভর্তির জন্য নির্বাচিত হবে তাদের অবশ্যই মূল মুক্তিযোদ্ধা সার্টিফিকেট/উপজাতি সনদ, প্রতিবন্ধী/পোষ্য-সন্তান/হরিজন-দলিত সনদ/প্রবাসী কল্যাণ মন্ত্রনালয়ের সার্টিফিকেট দেখাতে হবে এবং তার ফটোকপি প্রদান করতে হবে। [বিঃদ্রঃ ক. মুক্তিযোদ্ধার নাতি/নাতনিদের উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার অমুক পুত্র/কন্যার সন্তান অমুক মর্মে সনদ; খ. প্রতিবন্ধী প্রার্থীকে উপজেলা সমাজকল্যাণ কর্মকর্তার সনদ; গ. হরিজন-দলিত প্রার্থীদের উপজেলা নির্বাহী কর্মকর্তার সনদ প্রদান করতে হবে। সনদ সমূহের নমূনা কপি পবিপ্রবি ওয়েব সাইটে আছে।]

১৩. ভর্তি সংক্রান্ত কোন নিয়মনীতি বা সিডিউল পরিবর্তন হলে জাতীয় দৈনিক পত্রিকা এবং পবিপ্রবি ওয়েবসাইটের মাধ্যমে প্রচার করা হবে।

১৪. প্রকাশিত নিয়মনীতি বা পরিক্রমার বিরুদ্ধে কোন আপিল গ্রহণযোগ্য হবে না।

১৫. ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৬. ক্লাস শুরু (ওরিয়েন্টেশনসহ): ০৯/০১/২০১৮ খ্রি. সকাল ১০.০০ টা, বিশ্ববিদ্যালয় অডিটোরিয়াম।

বিশেষ প্রয়োজনে ভর্তি সংক্রান্ত বিষয়ে যোগাযোগ : www.pstu.ac.bd/admission বা সেল ফোন নম্বর:

প্রফেসর ড. পূর্ণেন্দু বিশ্বাস (ভর্তি পরীক্ষা কমিটির সদস্য-সচিব) ঃ ০১৭৭৬-৭৯২৪৬২ (অফিস চলাকালীন সময়)

মি. চিন্ময় বেপারী, সহকারী অধ্যাপক, সিএসই অনুষদ ঃ ০১৫৭১-৭৫৮৮২১

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. স্বদেশ চন্দ্র সামন্ত)

রেজিস্ট্রার

ও

সদস্য-সচিব

ভর্তি কমিটি ২০১৭-২০১৮, পবিপ্রবি।